

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪০৭

১/ বিবিধ

আরবী

من كانت له ثلاث بنات فصبر على لأو آئنهن وضرائهن وسرائهن أدخله الله الجنة بفضل رحمته إياهن، فقال رجل: أو اثنتان يا رسول الله؟ قال: أو اثنتان، فقال رجل: أو واحدة يا رسول الله؟ قال: أو واحدة
ضعيف بهذا اللفظ

أخرجه الحاكم (4 / 177) وأحمد (2 / 335) من طريق ابن جريج عن أبي الزبير عن عمر بن نبهان عن أبي هريرة مرفوعا، وقال الحاكم صحيح الإسناد، ووافقه الذهبي وأقره المنذري في " الترغيب " (3 / 85) وأقول: كلا: فإن ابن جريج وأبا الزبير مدلسان وقد عنعناه، وعمر بن نبهان فيه جهالة كما قال الذهبي نفسه في " الميزان " فأنى له الصحة؟
ويغني عن هذا حديث جابر رضي الله عنه مرفوعا بلفظ: من كان له ثلاث بنات يؤويهن ويكفيهن ويرحمهن فقد وجبت له الجنة البتة، فقال رجل من بعض القوم: واثنتين يا رسول الله؟ قال: واثنتين
أخرجه البخاري في " الأدب المفرد " (ص 14) وأبو نعيم في " الحلية " (3 / 14) من طريقين عن محمد بن المنكدر عنه، فهذا إسناد صحيح

বাংলা

৪০৭। যে ব্যক্তির তিনটি মেয়ে সন্তান হবে, অতঃপর তাদের বাসস্থান দানে (আশ্রয় দানে), তাদের দুঃসময়ে এবং

সুসময়ে ধৈর্য ধারণ করবে, আল্লাহ তা'আলা তাকে খাস করে তাদের প্রতি দয়া করার ফীলতের বিনিময়ে জান্নাত দিবেন। এক ব্যক্তি বললঃ যদি দু'টি মেয়ে হয় হে আল্লাহর রসূল? তিনি বললেনঃ দুটি হলেও। এক ব্যক্তি বললঃ একটি মেয়ে হলে হে আল্লাহর রসূল? তিনি বললেনঃ একটি মেয়ে হলেও।

হাদীসটি এ বাক্যে দুর্বল।

এটি হাকিম (৪/১৭৭) এবং আহমাদ (২/৩৩৫) ইবনু যুরায়েজ সূত্রে আবুয যুবায়ের হতে, তিনি উমার ইবনু নাহবান হতে ... বর্ণনা করেছেন। হাকিম বলেনঃ সনদটি সহীহ। যাহাবী তাকে সমর্থন করেছেন। মুনযেরীও "আত-তারগীব" গ্রন্থে (৩/৮৫) তা সমর্থন করেছেন।

আমি (আলবানী) বলছিঃ কখনও নয়। কারণ ইবনু যুরায়েজ এবং আবুয যুবায়ের দু'জনই মুদল্লিস। তারা আনু আনু শব্দে বর্ণনা করেছেন এবং উমর ইবনু নাহবানের ব্যাপারে জাহালাত (অজ্ঞতা) রয়েছে, যেমনভাবে যাহাবী নিজে "আল-মীযান" গ্রন্থে বলেছেন, কীভাবে এটি সহীহ?

আমি (আলবানী) বলছিঃ জাবের (রাঃ)-এর সহীহ হাদীস আমাদেরকে এ দুর্বল সনদের হাদীসের প্রয়োজনীয়তা হতে মুক্ত রাখে। জাবের (রাঃ)-এর হাদীসে বলা হয়েছে; যার তিনটি মেয়ে সন্তান হবে, অতঃপর সে তাদেরকে আশ্রয় দিবে, তাদের প্রয়োজনীয়তা মিটাবে এবং তাদের উপর দয়া করবে; তার জন্য জান্নাত ওয়াজিব হয়ে গেল। কোন এক ব্যক্তি বললঃ হে আল্লাহর রাল যদি দু'জন হয়? তিনি বললেনঃ যদি দু'জন হয় তবুও।" হাদীসটি বুখারী "আদাবুল মুফরাদ" গ্রন্থে (পৃ. ১৪) এবং আবু নুয়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৩/১৪) দু'টি সূত্রে মুহাম্মাদ ইবনু মুনকাদীর হতে বর্ণনা করেছেন। এটির সনদটি সহীহ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67992>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন